মুজিব বর্ষে স্বাস্থ্য খাত
এগিয়ে যাবে অনেক ধাপ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২

নভেল করোনাভাইরাস ২০১৯ (COVID-19) সংক্রান্ত হালনাগাদ তথ্য
ইমেইলঃ bdcoronasaver@gmail.com
সর্বশেষ পরিস্থিতিঃ (১৯ মার্চ, ২০২০ ইং)

সংবাদ বিজ্ঞপ্তি

- করোনা ভাইরাস জনিত রোগের (COVID-19) সাম্প্রতিক বৈশ্বিক মহামারি এবং সারাদেশে এ রোগের সংক্রমণের ব্যাপক ঝুঁকির ফলে উদ্ভুত পরিস্থিতিতে স্বাস্থ্য অধিদপ্তর তত্ত্বাবধানে সকল অধিনস্ত দপ্তর/সংশ্লিষ্ট /পেশাজীবি সংগঠন/উন্নয়ন সহযোগীসহ সংশ্লিষ্ট সকল স্টেকহোল্ডারদের অংশগ্রহণে ১৬ মার্চ,২০২০ থেকে স্বাস্থ্য ভবনে COVID -19 সমন্বিত নিয়ন্ত্রণকেন্দ্র চালু হয়। উক্ত কেন্দ্রের মাধ্যমে ১৪টি গ্রুপে বিভক্ত হয়ে সংশ্লিষ্ট সকলে একযোগে করোনা প্রতিরোধ ও নিয়ন্ত্রণ বিষয়ক বিভিন্ন কার্যক্রম সমন্বয়ে,প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ এবং তদানুযায়ী বিভিন্ন নির্দেশনা প্রদান করা হচ্ছে। উল্লেখ্য যে, বাংলাদেশের ইতিহাসে প্রথমবারের মত সমন্বিত নিয়ন্ত্রণ কেন্দ্র চালু করা হয়েছে।এই নিয়ন্ত্রণ কেন্দ্রটি সার্বক্ষণিক (২৪/৭) খোলা থাকবে এবং পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত তা চালু থাকবে।

- করোনা বিষয়ক নিয়মিত সংবাদ সম্মেলনের অংশ হিসেবে ১৯ মার্চ,২০২০ বেলা ১২.৩০ টায় আই ই ডি সি আর মিলনায়তনে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডাঃ আবুল কালাম আজাদ সাংবাদিকদের এ সংক্রান্ত বৈশ্বিক ও জাতীয় পর্যায়ের বিভিন্ন হালনাগাদ তথ্য উপস্থাপন করেন এবং সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন এবং সার্বিক পরিস্থিতি সর্কে অবহিত করেন।

- করোনা ভাইরাস সংক্রমণের ঝুঁকিকে সামনে রেখে বর্তমান উদ্ভুত পরিস্থিতি মোকাবেলায় স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক সংক্রামক রোগ (প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও নির্মূল) আইন ২০১৮ প্রয়োগের জন্য ক্ষমতাপ্রাপ্ত। জনস্বার্থে এ রোগ মোকাবেলায় Isolation, Quarantine সহ অন্যান্য প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও নির্মূলে কার্যক্রম সুষ্ঠ ভাবে পরিচালনার জন্য মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর সারাদেশে সকল বিভাগীয় স্বাস্থ্য পরিচালক সকল সিভিল সার্জন এবং সকল উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা কর্মকর্তা গনকে ক্ষমতা অর্পণ করে নির্দশনা জারি করেন এবং স্থানীয় প্রশাসনের প্রয়োজনীয় সহযোগীতায় এ আইনের বিভিন্ন ধারা সমূহ প্রয়োজন অনুসারে আইনানুগতভাবে প্রয়োগের জন্য নির্দেশ প্রদান করেন।

- বাংলাদেশে আজ আরও তিন জন রোগী সনাক্ত হয়েছে এবং এ পর্যন্ত মোট নিশ্চিত সনাক্ত কৃত রোগীর সংখ্যা মোট ১৭ জন। হাসপাতালে চিকিৎসাধীন আছেন ১৩ জন, সুস্থ হয়ে বাড়ী ফিরে গেছেন ৩ জন, মৃত্যু হয়েছে ১ জনের। নিশ্চিতকৃত রোগীদের সংস্পর্শে আসা ব্যাক্তিগনকে কোয়ারেন্টাইনে রাখার ব্যবস্থা গ্রহন করা হয়েছে এবং তারা সুস্থ আছেন।

বিশ্ব পরিস্থিতি

সর্বমোট আক্রান্তঃ	বিশ্ব- ১,৯১,১২৭	দক্ষিণ-পূর্ব এশিয়া -৫৩৮	বাংলাদেশ- ১৭
গত ২৪ ঘন্টায় নতুন আক্রান্তঃ	বিশ্ব- ১৫১২৩	দক্ষিণ-পূর্ব এশিয়া - ৬৩	বাংলাদেশ- ০৩
মোট মৃত ব্যাক্তির সংখ্যাঃ	বিশ্ব- ৭৮০৭	দক্ষিণ-পূর্ব এশিয়া - ০৯	বাংলাদেশ- ০১
২৪ ঘন্টায় নতুন মৃত্যুর সংখ্যাঃ	বিশ্ব- ৭৮৬	দক্ষিণ-পূর্ব এশিয়া - ০১	বাংলাদেশ- ০০

(সূত্রঃ বিশ্ব স্বাস্থ্য সংস্থা ও স্বাস্থ্য অধিদপ্তর)

বাংলাদেশ পরিস্থিতি

১। কোভিড-১৯ এর ল্যাব টেস্ট সম্পর্কিত তথ্যঃ

- কোভিড-১৯ টেস্টের সংখ্যাঃ ২৪ ঘন্টায়ঃ ৪৬ গত ২১/০১/২০২০ থেকে অদ্যাবধিঃ ৩৯৭
- পজিটিভ রোগীর সংখ্যাঃ ২৪ ঘন্টায়ঃ ০৩ গত ২১/০১/২০২০ থেকে অদ্যাবধিঃ ১৭

(সূত্রঃ স্বাস্থ্য অধিদপ্তর)

২। ফোনের মাধ্যমে কোভিড-১৯ এর জন্য সেবা প্রদানের পরিসংখ্যানঃ

কোভিড-১৯ সংক্রান্ত কলের সংখ্যাঃ

- ১৬২৬৩ (স্বাস্থ্য বাতায়ন): ২৪ ঘন্টায়ঃ ২৯,৯৬২ গত ২১/০১/২০২০ থেকে অদ্যাবধিঃ ২০৪৯৬৪
- ৩৩৩: ২৪ ঘন্টায়ঃ ১৩২০ গত ২১/০১/২০২০ থেকে অদ্যাবধিঃ ১১০৫১
- আইইডিসিআরঃ ২৪ ঘন্টায়ঃ ২২৬৯ গত ২১/০১/২০২০ থেকে অদ্যাবধিঃ ৪৪৩৮২
- মোট কলের সংখ্যাঃ ২৪ ঘন্টায়ঃ ৩৩৫৫১ গত ২১/০১/২০২০ থেকে অদ্যাবধিঃ ২৬০৩৯৭

৩। ৩ টি আন্তর্জাতিক বিমান বন্দর, চট্টগ্রাম ও মংলা সমুদ্র বন্দর, ঢাকা ক্যান্টনমেন্ট রেলওয়ে স্টেশন ও অন্যান্য চালু স্থল বন্দর গুলোতে স্ক্রিনিংকৃত বিদেশ থেকে আগত যাত্রীর সংখ্যাঃ

- আন্তর্জাতিক বিমান বন্দরঃ ২৪ ঘন্টায়ঃ ৩১৬৯ গত ২১/০১/২০২০ থেকে অদ্যাবধিঃ ৩১৪৯৯২
- সমুদ্র বন্দরঃ ২৪ ঘন্টায়ঃ ২১১ গত ২১/০১/২০২০ থেকে অদ্যাবধিঃ ৮৪৯৬
- স্থল বন্দরঃ ২৪ ঘন্টায়ঃ ৩৮৫৬ গত ২১/০১/২০২০ থেকে অদ্যাবধিঃ ৩০৮২৭৫
- ক্যান্টনমেন্ট রেলওয়ে স্টেশনঃ ২৪ ঘন্টায়ঃ ০০ গত ২১/০১/২০২০ থেকে অদ্যাবধিঃ ৭০২৯
- মোট আগত যাত্রীঃ ২৪ ঘন্টায়ঃ ৭২৩৬ গত ২১/০১/২০২০ থেকে অদ্যাবধিঃ ৬৩৮৭৯২

(সূত্রঃ কন্ট্রোল রুম, স্বাস্থ্য অধিদপ্তর)

৪। কোয়ারেন্টাইন সম্পর্কিত তথ্যঃ

- হোম কোয়ারেন্টাইনঃ ২৪ ঘন্টায়ঃ ২৬৯৮ গত ২১/০১/২০২০ থেকে অদ্যাবধিঃ ৯০১৩
- প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনঃ ২৪ ঘন্টায়ঃ ১৫ গত ২১/০১/২০২০ থেকে অদ্যাবধিঃ ৯৩
- মোট কোয়ারেন্টাইনঃ ২৪ ঘন্টায়ঃ ২৭১৩ গত ২১/০১/২০২০ থেকে অদ্যাবধিঃ ৯১০৬

(সূত্রঃ কন্ট্রোল রুম, স্বাস্থ্য অধিদপ্তর)

৫। আইসলেশন সম্পর্কিত তথ্যঃ

- ২৪ ঘন্টায় কোভিড-১৯ আক্রান্ত সন্দেহে ল্যাব পরীক্ষা পর্যন্ত আইসলেশনের সংখ্যাঃ ১৯ জন।
- গত ১০/০৩/২০২০ তারিখ থেকে অদ্যাবধি আইসলেশনকৃত ব্যাক্তির সংখ্যাঃ ৭৭ জন।
- গত ২৪ ঘন্টায় ছাড়পত্র প্রাপ্ত রোগীর সংখ্যাঃ ০০ জন।
- অদ্যাবধি মোট ছাড়পত্র প্রাপ্ত রোগীর সংখ্যাঃ ৩৫ জন।

৬। বিবিধঃ

- ল্যাবরেটরী পরীক্ষা সম্প্রসারনের জন্য CMSD তে ১৬ টি PCR মেশিন ক্রয় প্রক্রিয়াধীন। তন্মধ্যে বিশেষ ব্যবস্থাপনায় ৭ টি PCR মেশিন অতি শীঘ্রই পাওয়া যাবে।
- CMSD তে ৬০০০ সেট PPE মজুত আছে।
- ইতোমধ্যে বিভিন্ন হাসপাতালে ৬৯৪০ গুলো PPE সরবরাহ করা হয়েছে।
- অর্ধ শতাধিক চিকিৎসক অনলাইনে Corona Doctors Poll App এর মাধ্যমে চিকিৎসা, পরামর্শ ও সেবা প্রদান করা শুরু করেছেন।
- করোনা ভাইরাস সংক্রান্ত তথ্যের জন্য নতুন একটি ওয়েবসাইট (corona.gov.bd) চালু করা হয়েছে।

(অধ্যাপক ডাঃ সানিয়া তহমিনা ঝোরা)
অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা ও উন্নায়ন)
স্বাস্থ্য অধিদপ্তর মহাখালী, ঢাকা-১২১২